ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

রেজিস্ট্রারের কার্যালয়

www.iau.edu.bd

বাড়ি নং-১২৪/৯০/৩, ব্লক-বি, সড়ক নং-০২, ওয়েস্ট ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১

স্মারক নং- ইআবি/রেজি:/প্রশা:/ইউজিসি/২০২১/১০৮৮০ তারিখ: ১৬/০৪/২০২১

বিষয়: ইউজিসি বঙ্গবন্ধু শেখ মুজিব ফেলোশিপ প্রোগ্রাম ২০২১ এর জন্য দরখাস্ত আহ্বান সংক্রান্ত বিজ্ঞপ্তি ওয়েবসাইটে প্রকাশ প্রসঙ্গে।

সূত্র : ইউজিসির স্মারক নং-৩৭.০১.০০০০.০৭১.৩৯.০০১.২০.৪৯, তারিখ- ২৩.০২.২০২১খ্রি.

উপর্যুক্ত বিষয়ে সূত্রোল্লিখিত স্মারকের মাধ্যমে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন থেকে প্রাপ্ত ইউজিসি বঙ্গবন্ধু শেখ মুজিব ফেলোশিপ প্রোগ্রাম ২০২১ এর জন্য দরখাস্ত আহ্বান সংক্রান্ত বিজ্ঞপ্তিটি এতদ্‌সঙ্গে সংযুক্ত করে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা হল।

১৩.৪.২১

(ড. মো. আবু হানিফা)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
মোবা: ০১৭০৫-৪০৮০০৪
ই-মেইল- iauregistr@gmail.com

স্মারক নং- ইআবি/রেজি:/প্রশা:/ইউজিসি/২০২১/১০৮৮০ তারিখ: ১৬/০৪/২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. ট্রেজারার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
২. পরীক্ষা নিয়ন্ত্রক, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৩. পরিচালক (অর্থ ও হিসাব), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৪. উপাচার্যের একান্ত সচিব (মাননীয় উপাচার্যের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৫. আইসিটি শাখা (ওয়েবসাইটে প্রকাশের জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৬. অফিস নথি।

১৬.৪.২০২১

(ফাহাদ আহমদ মোমতাজী)
সহকারী রেজিস্ট্রার

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
web: www.ugc.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০১.০০০০.০৭১.৩৯.০০১.২০.৪৯

তারিখ: ৩০ চৈত্র ১৪২৭
১৩ এপ্রিল ২০২১

বিষয়: **ইউজিসি বঙ্গবন্ধু শেখ মুজিব ফেলোশিপ প্রোগ্রাম ২০২১ এর জন্য দরখাস্ত আহবান।**

জনাব

অত্যন্ত আনন্দের সঙ্গে জানানো যাচ্ছে যে, উচ্চশিক্ষায় বঙ্গবন্ধুর অনবদ্য অবদানকে স্মরণীয় করে রাখতে বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকীতে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন প্রবর্তিত **ইউজিসি বঙ্গবন্ধু শেখ মুজিব ফেলোশিপ** প্রদানের লক্ষ্যে দেশি/বিদেশি সকল বিশ্ববিদ্যালয়/ইন্সটিটিউট-এর অধ্যাপক/অবসরপ্রাপ্ত অধ্যাপকদের (বয়স ৫৫-৭০ বছরের মধ্যে) নিকট থেকে নির্ধারিত ফরম-এ দরখাস্ত আহবান করা যাচ্ছে। **ইউজিসি বঙ্গবন্ধু শেখ মুজিব ফেলোশিপ** নীতিমালা, আবেদন ফরম ও বিজ্ঞপ্তি ইউজিসি ওয়েবসাইটে (www.ugc.gov.bd) এ পাওয়া যাবে। নোটিশটি বিশ্ববিদ্যালয়ের সকল অনুষদ, বিভাগ ও ইনস্টিটিউটে বহুল প্রচারের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা যাচেছ। আগ্রহী অধ্যাপকগণকে কমিশনের নির্দিষ্ট ছকে (Proforma) যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে গবেষণা প্রস্তাব (Research Proposal) আগামী ২০/০৫/২০২১ তারিখের মধ্যে পরিচালক, রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন ডিভিশন, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, ঢাকা-১২০৭ বরাবরে দরখাস্ত ডাকযোগে ও ইমেইলে প্রেরণ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

উল্লেখ্য, প্রতিবছর ০১ (এক) জন অধ্যাপক/গবেষক এ ফেলোশিপের জন্য বিবেচিত হবেন।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে

১৩-৪-২০২১
প্রকৌঃ মোহাম্মদ জিয়াউর রহমান
উপ-পরিচালক (স্কলারশিপ এন্ড ফেলোশিপ)
ফোন: +৮৮-০২-৫৮১৬০২৩০
ইমেইল: ziaiut96@ugc.gov.bd

বিতরণ :

১) রেজিষ্ট্রার, ঢাকা বিশ্ববিদ্যালয়/রাজশাহী বিশ্ববিদ্যালয়/বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়/বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়/চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়/জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়/ইসলামী বিশ্ববিদ্যালয়/শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়/খুলনা বিশ্ববিদ্যালয়/জাতীয় বিশ্ববিদ্যালয়/বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়/বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়/বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়/হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়/শেরে বাংলা কৃষি

বাংলাদেশ
বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

University Grants Commission of Bangladesh

UGC Building, Plot # E-18/A, Agargaon
Administrative Area, Sher-E-Bangla Nagar, Dhaka-1207
www.ugc.gov.bd

UGC Bangabandhu Sheikh Mujib Fellowship Programme 2021

Applications are invited from the teachers/researchers of the Universities/Institutes of Bangladesh/Abroad for the **UGC Bangabandhu Sheikh Mujib Fellowship Programme 2021** in the prescribed form under the following terms and conditions:

(a) The applicant must be a professor/retired professor of the University/Institute of Bangladesh/Abroad. Applicant wherever he/she lives must be involved with any University/reputed research organization located in Bangladesh where research work will be done.
(b) The age limit of the applicant must be between 55-70 years of old as on the date of application.
(c) The applicant must be a full-time researcher.
(d) The allowance of the fellowship is Tk.1,20,000/- per month excluding house-rent and other benefits.
(e) The tenure of the fellowship is 01(one) year.

Prescribed application form and guidelines may be obtained from the Research Support & Publication Division, UGC and UGC's website **(www.ugc.gov.bd).**

Interested teachers/researchers are requested to submit their applications through proper channel along with research proposal to Director, Research Support and Publication Division, UGC, Agargaon, Dhaka-1207 by 20/05/2021. The soft copy must be sent to director_research@ugc.gov.bd or ziaiut96@ugc.gov.bd.

Director
Research Support & Publication Division
Phone: 58160111
E-mail: director_research@ugc.gov.bd

ইউজিসি বঙ্গবন্ধু ফেলোশিপ নীতিমালা (প্রস্তাবিত)

শিরোনাম : এই নীতিমালা ইউজিসি বঙ্গবন্ধু ফেলোশিপ।

ভূমিকা : স্বাধীনতার অব্যবহিত পরেই বাংলাদেশকে একটি মেধাসম্পন্ন বিজ্ঞান-মনস্ক উন্নত জাতি হিসেবে তৈরি করার লক্ষ্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৭৩ সালে রাষ্ট্রপতির ১০ নম্বর আদেশ দ্বারা বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন প্রতিষ্ঠা করেন যা ১৯৭২ সালের ১৬ই ডিসেম্বর থেকে কার্যকর হয়। শিক্ষাক্ষেত্রে বঙ্গবন্ধুর অনবদ্য অবদানকে চিরস্মরণীয় করে রাখতে বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকীতে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন তাঁর নামে ফেলোশিপ প্রবর্তন করার উদ্যোগ গ্রহণ করেছে;

সংজ্ঞা : বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী না থাকিলে, এই নীতিমালায়-

ক) 'বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন বা কমিশন' অর্থ University Grants Commission Order, 1973 (P.O. No. 10 of 1973) দ্বারা গঠিত বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন;

খ) বঙ্গবন্ধু অর্থ বাংলাদেশ রাষ্ট্রের প্রতিষ্ঠাতা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান;

গ) 'পূর্ণ কমিশন অর্থ University Grants Commission Order, 1973 (P.O. No. 10 of 1973); অনুযায়ী চেয়ারম্যান, পূর্ণকালীন সদস্য ও খণ্ডকালীন সদস্য দ্বারা গঠিত কমিশন;

ঘ) 'চেয়ারম্যান অর্থ বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান;

ঙ) 'সদস্যবৃন্দ' অর্থ বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের পূর্ণকালীন সদস্যবৃন্দ;

চ) 'সচিব' অর্থ বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সচিব;

ছ) 'ফেলো' অর্থ এই নীতিমালার আওতায় নির্বাচিত গবেষক বিশ্ববিদ্যালয়সমূহের সকল পর্যায়ের শিক্ষক ও অবসরপ্রাপ্ত শিক্ষকগণ এবং বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান, গবেষণা প্রতিষ্ঠান/সংস্থার গবেষকগণ যাহারা নীতিমালা অনুযায়ী স্বেচ্ছায় স্বরচিত পাণ্ডুলিপি জমা দিতে আগ্রহী;

জ) 'ফেলো নির্বাচন কমিটি' অর্থ এ নীতিমালার আওতায় ফেলো নির্বাচনের জন্য গঠিত কমিটি;

ঝ) 'নীতিমালা' অর্থ ইউজিসি বঙ্গবন্ধু ফেলোশিপ নীতিমালা।

ফেলোশিপের নাম : ইউজিসি বঙ্গবন্ধু ফেলোশিপ;

উদ্দেশ্যাবলি : বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সুদীর্ঘ সংগ্রাম, নেতৃত্ব ও আত্মত্যাগ, রাজনৈতিক দর্শন, রাষ্ট্র পরিচালনায় তাঁর নীতি ও আদর্শ, বঙ্গবন্ধুর শিক্ষা ভাবনাসহ বাংলাদেশের সামগ্রিক বিষয়ে অধিকতর গবেষণা করা;

মেয়াদ ও সময়কাল :
(১) ফেলোশিপের মেয়াদ হবে ১ (এক) বছর যা নবায়নযোগ্য নয়;
(২) প্রতিবছর ১লা জুলাই থেকে ৩০ জুন সময়কাল হিসেবে বিবেচিত হবে;

দরখাস্ত আহ্বান : কমপক্ষে ১টি বাংলা ও ১টি ইংরেজি বহুল প্রচারিত জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশিত বিজ্ঞপ্তির মাধ্যমে দরখাস্ত আহ্বান করা হবে। একইসাথে ফেলোশিপের বিজ্ঞপ্তিটি সকল বিশ্ববিদ্যালয়ে বহুল প্রচারের জন্য প্রেরণসহ ইউজিসি ওয়েবসাইটে আপলোড করতে হবে;

সাধারণ অধিক্ষেত্র : কলা ও মানবিক, বিজনেস, শিক্ষা ও আইন, সামাজিক বিজ্ঞান, বিজ্ঞান ও প্রযুক্তি;

যোগ্যতা :
(১) অধ্যাপক/ অবসরপ্রাপ্ত অধ্যাপক যাদের বয়স ৫৫-৭০ এর মধ্যে তাঁরা ইউজিসি বঙ্গবন্ধু ফেলোশিপের জন্য আবেদন করতে পারবেন;
(২) চাকুরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে;
(৩) যারা বিদেশে কোনো গবেষণা প্রতিষ্ঠান/ বিশ্ববিদ্যালয় অধ্যাপনার সাথে যুক্ত আছেন তারা আবেদনের যোগ্য হবেন তবে তাদেরকে বাংলাদেশের কোনো পাবলিক বিশ্ববিদ্যালয়ের সাথে যুক্ত থেকে গবেষণা করতে হবে। গবেষণাকালীন কমপক্ষে ৪ মাস বাংলাদেশে অবস্থান করতে হবে;

(৪) ফেলোশিপটি হবে পূর্ণকালীন। নির্বাচিত ফেলো যদি চাকুরিরত থাকেন তবে তাকে অবশ্যই নিজ প্রতিষ্ঠান থেকে ছুটি নিয়ে ফেলোশিপে যোগদান করতে হবে;
(৫) স্ব-স্ব ক্ষেত্রে বিগত ১৫ বছরে SCI/Scopus Indexed Journal ও সংশ্লিষ্ট বিষয়ে খ্যাতনামা জার্নালে-এ কমপক্ষে ১০টি প্রকাশনা থাকতে হবে তন্মধ্যে কমপক্ষে ০৫টির প্রধান লেখক হতে হবে;
(৬) কোনো ফেলো একবারের বেশি ফেলোশিপ প্রাপ্য হবেন না;

সম্মানী ও আনুষাঙ্গিক সুবিধা :

(১) নির্বাচিত ফেলোকে মাসিক ১,২০,০০০/- (এক লক্ষ বিশ হাজার) টাকা হারে সম্মানী প্রদান করা হবে;
(২) বাড়ি ভাড়া বাবদ মাসিক ৬০,০০০/- (ষাট হাজার) টাকা হারে প্রদান করা হবে তবে চাকুরিরত ফেলো বাড়ি ভাড়া প্রাপ্য হবেন না;
(৩) বই, জার্নাল, গবেষণা সামগ্রী, ফটোকপি, প্রিন্টিং ইত্যাদি বাবদ এককালীন সর্বোচ্চ ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা প্রদান করা হবে (বিল ভাউচার প্রদান সাপেক্ষে);
(৪) সেমিনার/ওয়ার্কশপ ইত্যাদি আয়োজনের জন্য সর্বোচ্চ ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা প্রদান করা হবে। তবে এক্ষেত্রে বিল, ভাউচার ও প্রয়োজনীয় কাগজপত্র কমিশনে জমা দিতে হবে;
(৫) লোকাল ট্রাভেল, কম্পোজ, প্রিন্টিং, বাধাঁই এবং আন্তর্জাতিক জার্নালে প্রবন্ধ প্রকাশ করার ফি ইত্যাদি বাবদ সর্বোচ্চ ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা প্রদান করা হবে (বিল ভাউচার প্রদান সাপেক্ষে);

শর্তাবলি :

(১) কমিশনের নির্ধারিত ফর্মে আবেদন করতে হবে। অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে;
(২) ফেলোকে কোনো বিশ্ববিদ্যালয়/স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠানের সাথে সংযুক্ত থেকে গবেষণা কর্ম সম্পাদন করতে হবে;
(৩) একইসাথে একাধিক ফেলোশিপ গ্রহণ করা যাবে না;
(৪) ফেলোশিপের জন্য নির্বাচিত হলে ফেলোশিপে যোগদানের পূর্বে একটি কর্ম-পরিকল্পনা কমিশনে জমা দিতে হবে;
(৫) ফেলোকে অর্ধবার্ষিক প্রতিবেদন কমিশনে জমা দিতে হবে;
(৬) ফেলোশিপ চলাকালে অন্যকোনো বেতনভোগী পূর্ণকালীন/খণ্ডকালীন/চুক্তিভিত্তিক চাকুরিতে নিয়োজিত হতে পারবেন না;
(৭) গবেষণাকর্ম সমাপনান্তে প্রকাশযোগ্য পাণ্ডুলিপি সফট কপিসহ জমা দিতে হবে। যদি পুস্তক আকারে প্রকাশ করার উপযোগী হয় কমিশন তা বিবেচনা করতে পারে;
(৮) গবেষণাকর্মের সমাপ্ত প্রতিবেদন যদি পুস্তক আকারে প্রকাশ করা না হয় সেক্ষেত্রে কোনো স্বনামধন্য জাতীয়/আন্তর্জাতিক মানসম্পন্ন জার্নালে প্রকাশ করতে হবে;
(৯) গবেষণাকর্ম সম্পন্ন না করলে অথবা পরিত্যাগ করলে অথবা ফেলোশিপ বাতিল করা হলে ফেলো কর্তৃক গৃহীত সমুদয় অর্থ কমিশনের নিকট ফেরৎ প্রদান করতে হবে;
(১০) শারীরিক অসুস্থতাজনিত কারণে/ মৃত্যুজনিত কারণে গবেষণার কাজ ব্যাহত হলে কমিশন কর্তৃপক্ষ এ ব্যাপারে প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ করতে পারবেন;
(১১) প্রয়োজনীয় ক্ষেত্রে সেমিনার/ওয়ার্কশপ/পাবলিক লেকচার প্রদান করতে হবে;
(১২) রাষ্ট্রবিরোধী কোনো কর্মকাণ্ড বা বক্তব্য প্রদান কিংবা কোনো লেখা প্রকাশ করা যাবে না;
(১৩) ফেলোশিপ চলাকালীন ১৫ (পনের) দিনের বেশি বিদেশে অবস্থান করার প্রয়োজন হলে কমিশন কর্তৃপক্ষের অনুমোদন নিতে হবে;

ফেলো নির্বাচন কমিটি :

ইউজিসি চেয়ারম্যান --আহবায়ক
ইউজিসি পূর্ণকালীন সদস্যগণ---সদস্য
দু'জন উপাচার্য (ইউজিসি চেয়ারম্যান কর্তৃক মনোনীত) --------------------সদস্য
দু'জন প্রথিতযশা শিক্ষাবিদ (ইউজিসি চেয়ারম্যান কর্তৃক মনোনীত)----------সদস্য
রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন ডিভিশনের পরিচালক---------------------সদস্য সচিব;

ফেলো নির্বাচন কমিটির কার্য-পরিধি :

(১) কমিটি প্রাপ্ত আবেদন পত্রসমূহ যাচাই বাছাইপূর্বক একজনকে ফেলোশিপের জন্য নির্বাচিত করবেন এবং একজনকে অপেক্ষমান তালিকায় রাখতে পারবেন;
(২) কমিটি যেকোনো আবেদনপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন;

বিবিধ :

(১) কমিশন প্রয়োজনে ফেলোশিপ প্রদানের নীতিমালা/শর্তাবলি সংযোজন-বিয়োজন, পরিবর্তন, পরিমার্জন করতে পারবে। সেক্ষেত্রে ফেলো পরিবর্তিত নীতিমালা মানতে বাধ্য থাকবেন;
(২) প্রয়োজনীয়তার নিরিখে সাধারণ অধিক্ষেত্র হালনাগাদ করা যাবে;
(৩) কমিশন যেকোনো সময় ফেলোশিপ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন;
(৪) এই ফেলোশিপের আওতাধীন সকল প্রকাশনার গ্রন্থস্বত্ব কমিশনের থাকবে।

আদেশ জারির কার্যকরতা: পূর্ণ কমিশন সভার অনুমোদনের তারিখ হইতে এই নীতিমালা কার্যকর হইবে।

অস্পষ্টতা দূরীকরণ : এই নীতিমালার কোন অনুচ্ছেদের/বাক্যের/শব্দের ব্যাখ্যা বা অর্থ নির্ধারণের প্রয়োজন হলে কমিশন কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হবে।

প্রফেসর ড. মোঃ সাজ্জাদ হোসেন
সদস্য, ইউজিসি ও আহ্বায়ক, সংশ্লিষ্ট কমিটি

প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর
সদস্য, ইউজিসি ও সদস্য, সংশ্লিষ্ট কমিটি

প্রফেসর ড. দিল আফরোজা বেগম
সদস্য, ইউজিসি ও সদস্য, সংশ্লিষ্ট কমিটি

প্রফেসর ড. মোঃ আবু তাহের
সদস্য, ইউজিসি ও সদস্য, সংশ্লিষ্ট কমিটি

প্রফেসর ড. বিশ্বজিৎ চন্দ, সদস্য, ইউজিসি
সদস্য, ইউজিসি ও সদস্য, সংশ্লিষ্ট কমিটি

প্রফেসর ড. মীজানুর রহমান
উপাচার্য, জগন্নাথ বিশ্ববিদ্যালয়
ও সদস্য, সংশ্লিষ্ট কমিটি

প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ
উপাচার্য, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
ও সদস্য, সংশ্লিষ্ট কমিটি

মোঃ ওমর ফারুখ
পরিচালক (চলতি দায়িত্ব)
ও সদস্য, সংশ্লিষ্ট কমিটি

ড. ফেরদৌস জামান
সচিব (অতিরিক্ত দায়িত্ব)
ও সদস্য, সংশ্লিষ্ট কমিটি

প্রকৌ: মোহাম্মদ জিয়াউর রহমান
উপ-পরিচালক ও সদস্য সচিব, সংশ্লিষ্ট কমিটি